

বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা  
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

নং-প্রকা/এইচআরএমডি-২/ব্যঃনঃ/এসপিও(এ-২২৮৬)/২০১৮-১৯/২৫০৭

তারিখ : ১১-০২-২০১৯ খ্রিঃ

কর্মী সংক্রান্ত ঘোষণা


বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, যশোর এর উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা জনাব মোঃ আবুল কাসেম (এ-২২৮৬)-কে গণ কর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ ও The Public Servants (Retirement) (Amendment) Act, ২০১২ মোতাবেক আগামী ১৩-০২-২০১৯ খ্রিঃ তারিখে অবসর এবং ১৪-০২-২০১৯ হতে ১৩-০২-২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর পূর্ণ বেতনে অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো। তিনি ১৩-০২-২০১৯ খ্রিঃ তারিখের পূর্ববর্তী কর্মদিবস শেষে দায়িত্বভার হস্তান্তর করবেন।

০২। সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদনের প্রেক্ষিতে জাতীয় বেতন স্কেল-২০১৫ এর আলোকে তার প্রাপ্য ১৫(পনের) মাসের ছুটি নগদায়ন বাবদ মোট টাকা (৫১,৩০০/-x১৫) = ৭,৬৯,৫০০/- (সাত লক্ষ ঊনসত্তর হাজার পাঁচশত) মাত্র মঞ্জুর করা হলো, যা বিকেবি, যশোর শাখা, যশোর এ পরিচালিত তার সঞ্চয়ী হিসাবের মাধ্যমে প্রদেয় হবে। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট কর্মকর্তা অবসরোত্তর ছুটিতে গমনের পর তার বিরুদ্ধে কোন বিভাগীয় মোকদ্দমা অনিষ্পন্ন নেই মর্মে নিশ্চিত হয়ে উক্ত মঞ্জুরীকৃত টাকা প্রদেয় হবে।

০৩। উক্ত কর্মকর্তার অবসর সুবিধাদি প্রাপ্যতার ক্ষেত্রে গণ কর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ এর ১০ ধারার বিধান এবং বিদ্যমান পেনশন নীতিমালা প্রযোজ্য হবে।

অনুমোদনক্রমে-

জনাব মোঃ আবুল কাসেম (এ-২২৮৬)  
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা  
বাংলাদেশ কৃষি ব্যাংক  
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, যশোর।


  
(রাম প্রসাদ ঘোষ)  
সহকারী মহাব্যবস্থাপক

নং-প্রকা/এইচআরএমডি-২/ব্যঃনঃ/এসপিও(এ-২২৮৬)/২০১৮-১৯/২৫০৭(১২৫০)

তারিখ : ১১-০২-২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক/অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
- ০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। ব্যবস্থাপক, বিকেবি, যশোর শাখা, যশোর-কে সংশ্লিষ্ট কর্মকর্তা অবসরে গমনের পর তার বিরুদ্ধে কোন বিভাগীয় মোকদ্দমা অনিষ্পন্ন নেই মর্মে নিশ্চিত হয়ে মঞ্জুরীকৃত টাকা প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১০। নথি/মহানথি।

  
(মোঃ আবদুল মোতালেব)  
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা